

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।
[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ: ১৪ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ / ২৮ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-২২৪-আইন/২০২২/১৯৬-মুসক।- জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ৫ ও ১২৭খ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (কেন্দ্রীয় নিবন্ধন গ্রহণ ও কর পরিশোধ) বিধিমালা, ২০১৯ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার-

(১) বিধি ১ এর উপ-বিধি (২) এর-

(ক) দফা (ঘ) এর প্রান্তস্থিত “এবং” শব্দ বিলুপ্ত হইবে;

(খ) দফা (ঙ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঙ) ও (চ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(ঙ) যেই ক্ষেত্রে কোনো উৎপাদনকারী এক বা একাধিক স্থান হইতে পণ্য উৎপাদনপূর্বক নিজস্ব মালিকানা বা নিয়ন্ত্রণাধীন বিক্রয় কেন্দ্রের মাধ্যমে তফসিলে উল্লিখিত হ্রাসকৃত হার বা সুনির্দিষ্ট কর বা ১৫ শতাংশ হারে মুসক পরিশোধপূর্বক সরবরাহ করেন, তবে, শর্তযুক্ত প্রজ্ঞাপনের বিপরীতে উৎপাদন পর্যায়ে একটি নির্দিষ্ট হারের অতিরিক্ত মুসক অব্যাহতির ক্ষেত্রে ইহা প্রযোজ্য হইবে না;

(চ) যেই ক্ষেত্রে কোনো উৎপাদনকারী এক বা একাধিক স্থান হইতে পণ্য উৎপাদনপূর্বক নিজস্ব মালিকানা ও নিয়ন্ত্রণাধীন বিভিন্ন বিক্রয়কেন্দ্র বা ডিপো বা ওয়ারহাউস এর মাধ্যমে প্রযোজ্য মুসক পরিশোধপূর্বক সরবরাহ করেন।”;

(২) বিধি ৩ এর-

(ক) উপ-বিধি (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৩) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(৩) সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী বা সেবা সরবরাহকারী বা বাণিজ্যিক আমদানিকারক বা ব্যবসায়ীকে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত বা অনুমোদিত সফটওয়্যার ভিত্তিক অটোমেটেড পদ্ধতিতে হিসাব-নিকাশ সংরক্ষণ করিতে হইবে।”;

(খ) উপ-বিধি (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৪) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(৪) ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ১৭৪-আইন/২০২২/১৮৭-মুসক জারির পূর্বে কেন্দ্রীয়ভাবে নিবন্ধিত প্রতিষ্ঠানসমূহকে ৩১ ডিসেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত বা অনুমোদিত সফটওয়্যার ভিত্তিক অটোমেটেড পদ্ধতিতে হিসাব-নিকাশ সংরক্ষণ করিতে হইবে, অন্যথায় উক্ত প্রতিষ্ঠানের কেন্দ্রীয় নিবন্ধন বাতিল হইবে এবং সংশ্লিষ্ট কমিশনারেট হইতে নূতন নিবন্ধন গ্রহণ করিতে হইবে।”।

০২। এই প্রজ্ঞাপন ২৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

কাজী রেজাউল হাসান
দ্বিতীয় সচিব (মুসক আইন ও বিধি)